**আলোচ্যসূচি নং-০৪ঃ মোটর সাইকেল অগ্রিমের সিলিং বৃদ্ধিকরণসহ সুদের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

**প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ।**

বাংলাদেশ কৃষি ব্যাংক একটি রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক যা গ্রামীণ অর্থনীতির উন্নয়নের লক্ষ্যে ১৯৭৩ সালে রাষ্ট্রপতির আদেশ নং-২৭ মূলে প্রতিষ্ঠিত হয়. ব্যাংকটি জন্মলগ্ন থেকেই গ্রামীণ অর্থনীতির অগ্রগতির লক্ষ্যে জনসাধারণের দোরগড়ায় ব্যাংকিং সুবিধা পৌছে দেয়ার পাশাপাশি কৃষকের উন্নয়নে দারিদ্র বিমোচন, এসএমই, কৃষিভিত্তিক শিল্পসহ বিভিন্ন খাতে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করে আসছে। যথাসময়ে ঋণ বিতরণ ও আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে মোটর সাইকেল অগ্রিম প্রদানের বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের ৫৩০তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ২৯-০৩-২০১১ তারিখের প্রশাসন পরিপত্র নং-০৫/২০১১ মোতাবেক যানবাহন ক্রয়ের অগ্রিমের নীতিমালা জারি করা হয়। পরবর্তিতে উল্লিখিত নীতিমালার আলোকে সকল শর্তাবলি বলবৎ রেখে বিগত ২২-১১-২০১৬ তারিখে কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক প্রশাসন পরিপত্র নং-১৯/২০১৬ এর আলোকে মোটর সাইকেল ক্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত সংশোধনীসহ মোটর সাইকেল ক্রয়ের সিলিং ও সুদের হার পুনঃনির্ধারণ বিষয়ক পরিপত্র জারি করা হয় যার বিবরণ নিম্নরূপঃ

(ক) মোটর সাইকেল ক্রয়ের সিলিং পুনঃ নির্ধারণঃ

ব্যাংকের ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সুপারিশ বিবেচনায় এনে বাংলাদেশ কৃষি ব্যাংকের পর্ষদ কর্তৃক প্রশাসন পরিপত্র নং-০৫/২০১১ তারিখ ২৯-৩-২০১১ এর সকল শর্তাবলি বলবৎ রেখে বর্ণিত পরিপত্রে ০৩ নং অনুচ্ছেদের ০১ নং(ক)তে শুধুমাত্র বর্তমান মোটর সাইকেল অগ্রিম এর সিলিং ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা এর পরিবর্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সিলিং নির্ধারণ করা হয়।

(খ) সুদের হার পুনঃনির্ধারণঃ

ব্যাংকের ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সুপারিশ বিবেচনায় এনে বাংলাদেশ কৃষি ব্যাংকের পর্ষদ কর্তৃক প্রশাসন পরিপত্র নং-০৫/২০১১ তারিখ ২৯-৩-২০১১ এর বর্তমান প্রচলিত নির্ধারিত সুদের হার পরিবর্তন করে বার্ষিক সুদের হার ৭% ধার্য করা হয়েছিল যা ৩১-১০-২০১৬ হতে কার্যকর করা হয়।

বর্তমানে প্রচলিত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মোটর সাইকেল অগ্রিমের নীতিমালা এবং অত্র ব্যাংকের মোটর সাইকেল অগ্রিমের প্রাপ্ত সিলিং এবং সুদের হারের তুলনামূলক বিবরণী নিম্নবর্ণিতভাবে কার্যপত্রে সন্নিবেশ করা হয়।

| সোনালী ব্যাংক লিঃ | অগ্রণী ব্যাংক লিঃ | জনতা ব্যাংক লিঃ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমান নির্ধারিত সিলিং ও সুদের হার |
|---|---|---|---|---|
| সিলিং ঃ ৩.০০ লক্ষ টাকা<br>সুদের হার ঃ ব্যাংক রেট<br>পরিপত্র নং ঃ ৬৯৩<br>তারিখ ঃ ১৬-০৮-২০১৫ | সিলিং ঃ ৩.০০ লক্ষ টাকা<br>সুদের হার ঃ ৫%<br>পরিপত্র নং ঃ<br>সিপিসিআরএমডি/১২৯<br>তারিখ ঃ ৩০-১২-২০১৪ | সিলিং ঃ ৩.০০ লক্ষ টাকা<br>সুদের হার ঃ ৪%<br>পরিপত্র নং ঃ ৭২৪/১৭<br>তারিখ ঃ ১৮-০১-২০১৭ | সিলিং ঃ ৩.০০ লক্ষ টাকা<br>সুদের হার ঃ ব্যাংক রেট<br>পরিপত্র নং ঃ ১২৮/২০১৫<br>তারিখ ঃ ১৫-১১-২০১৫ | সিলিং ঃ ২.০০ লক্ষ টাকা<br>সুদের হার ঃ ৭%<br>পরিপত্র নং ঃ ১৯/২০১৬<br>তারিখ ঃ ২২-১১-২০১৬ |

প্রকিউরমেন্ট এবং কর্মীকল্যাণ ও পরিবহণ বিভাগ এর সুপারিশঃ

রাষ্ট্রায়ত্ত মালিকানা সোনালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এর সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রশাসন পরিপত্র নং-১৯/২০১৬ তারিখ ২২-১১-২০১৬ বাতিলপূর্বক ব্যাংকের প্রশাসন পরিপত্র নং-০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ এর সকল শর্তাবলি বলবৎ রেখে মোটর সাইকেল অগ্রিমের সিলিং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পরিবর্তে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং বর্তমান সুদের হার ৭% এর স্থলে ব্যাংক রেট হারে ও বর্তমানে গৃহীত মোটর সাইকেল অগ্রিম সহ ইতিপূর্বে বিতরণকৃত সকল মোটর সাইকেল অগ্রিমের সুদের হার পুনঃনির্ধারণের বিষয়ে সদয় সিদ্ধান্তের নিমিত্ত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় প্রকিউরমেন্ট এবং কর্মীকল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক সুপারিশসহ প্রস্তাব উপস্থাপন করা হয়।

সভায় বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্তঃ**

বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রমসহ ব্যাংকিং সেবার মান আরও উন্নত গতিশীল করার স্বার্থে অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে উৎসাহ প্রদানের নিমিত্ত ব্যাংকের প্রশাসন পরিপত্র নং-০৫/২০১১ তারিখ ২৯-০৩-২০১১ এর সকল শর্তাবলি বলবৎ রেখে মোটর সাইকেল অগ্রিমের সিলিং ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হতে বৃদ্ধি করে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং বর্তমান সুদের হার ৭% এর স্থলে ব্যাংক রেট হারে সার্কুলার জারির তারিখ হতে পুনঃনির্ধারণের প্রস্তাবটি অনুমোদনের নিমিত্ত পর্ষদ সভায় উপস্থাপনের সুপারিশ করা হলো।

আলোচ্যসূচি নং-০৫ঃ কম্পিউটার অগ্রিমের সিলিং বৃদ্ধিসহ সুদের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে। প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ।

তথ্য প্রযুক্তির উন্নয়নের ধারাবাহিকতায় প্রতিযোগিতামূলক ব্যাংকিং খাতে কম্পিউটারের ব্যবহার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যাংকের সার্বিক কর্মকান্ডে গতিশীলতা বৃদ্ধিসহ গ্রাহক সেবার মান উন্নয়ন সম্ভব হয়, অপরদিকে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে প্রযুক্তিগত যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক সকল শাখা কম্পিউটারাইজেশনের বাস্তবায়নের মাধ্যমে ইতোমধ্যে অনলাইনে সকল ধরনের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকের কাজের স্বার্থে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আগ্রহী কর্মকর্তা/কর্মচারীগণ যাতে কম্পিউটার ও প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী ক্রয় করতে পারেন তদ্প্রেক্ষিতে ব্যাংকের পরিচালনা পর্ষদের ৪৪৬ তম সভার অনুমোদনক্রমে ব্যাংক কর্তৃক ০৬-১২-২০০৭ তারিখে প্রশাসন পরিপত্র নং-২৩/২০০৭ জারি করা হয়। উক্ত পরিপত্রের ০৬ (ক)তে তৎকালীন বাজারদরের সাথে সামঞ্জস্য রেখে যে কোন আন্তর্জাতিক ব্র্যান্ডের কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস ও অন্যান্য সামগ্রী ক্রয়ের জন্য সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা সিলিং নির্ধারণ করা হয় এবং উক্ত পরিপত্রে ০৭ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক সুদের হার অগ্রিম প্রাপ্তির (মূল্য পরিশোধ) তারিখ হতে বার্ষিক ৬.৫০% হারে সুদ ধার্য করা হয় যা অদ্যাবধি কার্যকর রয়েছে।

বর্তমানে প্রচলিত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাংকের কম্পিউটার অগ্রিমের সংগৃহীত নীতিমালা এবং অত্র ব্যাংকের কম্পিউটার অগ্রিমের প্রাপ্ত সিলিং এবং সুদের হারের তুলনামূলক বিবরণী নিম্নবর্ণিতভাবে কার্যপত্রে সন্নিবেশ করা হয়।

(প্রকৃত টাকা)

| সোনালী ব্যাংক লিঃ | অগ্রণী ব্যাংক লিঃ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | অত্র ব্যাংকের বর্তমান নির্ধারিত সিলিং ও সুদের হার |
|---|---|---|---|
| সিলিং ঃ ৭৫,০০০ টাকা<br>সুদের হার ঃ ব্যাংক রেট<br>পরিপত্র নং ঃ ১১<br>তারিখ ঃ ০১-০৪-২০০৮ | সিলিং ঃ ৭০,০০০ টাকা<br>সুদের হার ঃ ব্যাংক রেট<br>পরিপত্র নং ঃ (সিপিসিআরএমডি/৯৬<br>তারিখ ঃ ২৫-০৭-২০২১ | সিলিং ঃ ৮৫,০০০ টাকা<br>সুদের হার ঃ ব্যাংক রেট<br>পরিপত্র নং ঃ ১৬০/২০১৭<br>তারিখ ঃ ০৮-০৫-২০১৭ | সিলিং ঃ ৬০,০০০ টাকা<br>সুদের হার ঃ ৬.৫০%<br>পরিপত্র নং ঃ ২৩/২০০৭<br>তারিখ ঃ ০৬-১২-২০০৭ |